নরসিংদীতে আগামী ১৫ মার্চ ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো উপলক্ষে প্রেস ব্রিফিং

হলধর দাস, নরসিংদী – নরসিংদীতে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে বুধবার (১২ মার্চ) নরসিংদীর সিভিল সার্জন কার্যালয়ে সাংবাদিকদের সাথে এক প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে। নরসিংদীর সিভিল সার্জন ডা. সৈয়দ মোঃ আমিরুল হক শামীম এতে সভাপতিত্ব করেন।
প্রেস ব্রিফিংএ সিভিল সার্জন জানান, আগামী ১৫ মার্চ-২০২৫, শনিবার সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত একযোগে এ ক্যাপসুল খায়ানো হবে।

এসময় নরসিংদী জেলার ৬টি উপজেলায় ১৭৬৪টি কেন্দ্রে প্রায় চার লক্ষ শিশুকে ভিটামিন ‘এ’ খাওয়ানো হবে। এর মধ্যে ৬ থেকে ১১ মাস বয়সী ৪২ হাজার ৯০৮ জন শিশুকে একটি করে নীল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে।
১২ থেকে ৫৯ মাস বয়সী ৩ লাখ ২৮ হাজার ৫৫৪ জন শিশুকে একটি করে লাল রঙের ক্যাপসুল খাওয়ানো হবে।

এই ক্যাম্পেইন সফল করতে সাংবাদিকদের সহায়তা কামনা করেন নরসিংদী সিভিল সার্জন ডা. মোঃ সৈয়দ আমিরুল হক শামীম।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন নরসিংদী প্রেস ক্লাবের সভাপতি মোঃ নূরুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ মোবারক হোসেন, সাবেক সভাপতি নিবারণ রায়, আব্দুর রহমান ভূইয়া, মোর্শেদ শাহরিয়ার, সাংবাদিক মনজিল এ মিল্লাত, আমজাদ হোসেন প্রমুখ। প্রেস ব্রিফিং-এ মাল্টিমিডিয়া উপস্থাপন করেন সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. সঞ্জয় কুমার সাহা। উপস্থিত ছিলেন মেডিকেল অফিসার ডা. তৃষা জাফরিনসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিথ ছিলেন।